# আন-নাযি'আত | An-Nazi'at | ٱلنَّازِعَات

আয়াতঃ ৭৯ : ৪৫

## আরবি মূল আয়াত:

إِنَّمَا أَنتَ مُنذِرُ مَن يَخْشَىٰهَا ﴿٤٥﴾

## অনুবাদসমূহ:

তুমিতো কেবল তাকেই সতর্ককারী, যে একে ভয় করে । — আল-বায়ান

যারা একে ভয় করে তুমি কেবল তাদের সতর্ককারী। — তাইসিরুল

যে ওর ভয় রাখে তুমি শুধু তারই সতর্ককারী। — মুজিবুর রহমান

You are only a warner for those who fear it. — Sahih International

### ৪৫. যে এটার ভয় রাখে আপনি শুধু তার সতর্ককারী।

-

তাফসীরে জাকারিয়া

### ৪৫। যে ওর ভয় রাখে তুমি কেবল তারই সতর্ককারী। [1]

[1] অর্থাৎ, তোমার কর্ম শুধুমাত্র ভীতি প্রদর্শন করা; গায়বের খবর দেওয়া নয়। আর কিয়ামত সংঘটিত হওয়ার জ্ঞানও গায়বী খবরের অন্তর্ভুক্ত; যা আল্লাহ কাউকেও অবগত করান নি। من يخشاها (যে ওর ভয় রাখে) বাক্য এই জন্য ব্যবহার হয়েছে যে, ভীতি প্রদর্শন ও তাবলীগ থেকে উপকৃত কেবল সেই ব্যক্তি হতে পারে, যার অন্তরে আল্লাহর ভয় বিদ্যমান থাকে। নচেৎ ভীতিপ্রদর্শন এবং তাবলীগ তো সকলকেই করা হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5757

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন